তারিখ ... 04 FEB 1993 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

৮২

6

# ল্যাবরেটরী স্কুল ছাত্রদের মিছিলঃ স্মারকলিপি

।। স্টাফ রিপোর্টার ।।

ডাবল শীফট চালুর সিদ্ধান্তের প্রতিবাদে গভর্নমেন্ট ল্যাবরেটরী স্কুলের ছাত্ররা গতকাল ক্লাস বর্জন করে রাজধানীতে একটি মিছিল বের করে। মিছিলটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শিক্ষা মন্ত্রণালয়ে এসে একটি স্মারকলিপি প্রদান করে।

স্মারকলিপিতে স্কুলে ডাবল শীফট চালুর সরকারী সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানিয়ে বলা হয়, সরকার যদি এই আদেশ প্রত্যাহার না করে তাহলে এটি ল্যাবরেটরী স্কুলের বিরুদ্ধে একটি চক্রান্ত। ক্যাডেট কলেজগুলো এবং রেসিডেন্সিয়াল মডেল স্কুলকে ভাল ফলাফল দানের সুযোগ। ছাত্রদের মতে যেসব সরকারী কলেজে বর্তমানে ডাবল শীফট রয়েছে সেগুলোর গুণগত মান খুবই নিম্নমানের।

স্মারকলিপিতে ছাত্ররা বলেছে যে, ছাত্র সংখ্যা অনুপাতে বর্তমানে ল্যাবরেটরী স্কুলের অবস্থান ট্রিপল শীফটের সমতুল্য। কিন্তু সে তুলনায় শিক্ষক নেই। ১০টি শ্রেণীর ২৫টি শাখার ১৫শ' ছাত্রের জন্য মাত্র ৩৩ জন শিক্ষক রয়েছে। প্রতিটি শাখায় ৬০ থেকে ৬৫ জন ছাত্র রয়েছে। স্কুলের জন্য বরাদ্দকৃত আরো ৪ জন শিক্ষক ৬ বছর যাবৎ পাওয়া যাচ্ছে না। এই অবস্থায় ডাবল শীফট করে ছাত্র সংখ্যা আরো বৃদ্ধি হলে শিক্ষকদের দ্বারা পড়াশোনা করানো সম্ভব নয়। আর যেখানে ৬ বছরে ৪ জন শিক্ষকের পদ পূরণ হয় না সেখানে ডাবল শীফট হলে দ্বিগুণ শিক্ষকের পদ পূরণ সম্ভব পদ পূরণ সম্ভব নয় বলে ছাত্রদের ধারণা।

স্কুলের ছাত্ররা ঐতিহ্যবাহী স্কুলের সুনাম ধ্বংস করার যে কোন উদ্যোগ থেকে বিরত থাকার আহবান জানিয়েছে। তবে এর পরও যদি ডাবল শীফট করা হয় তাহলে ভাল লেখাপড়ার স্বার্থে স্কুলের বর্তমান ছাত্রদের নিয়েই যেন করা হয়। আর তা না হলে ডাবল শীফট করার জন্য স্কুলের বর্তমান ছাত্রদের জন্য এবং আলাদা শীফটের জন্য আলাদা শিক্ষ প্রদান, খেলাধুলার সময়সীমা ও সুযোগ বৃদ্ধি এবং স্কুলে প্রবেশের রাস্তা বর্ধিত করার দাবী জানিয়েছে।